যুগান্তর

তারিখ ২৪ AUG 2016
পৃষ্ঠা ৪ কলাম ২

# টেকনাফ সরকারি কলেজে অনার্স কোর্স চালু করুন

মাহবুব নেওয়াজ

দেশের সর্বত্র অনার্স কোর্সে পড়ার সুযোগ থাকলেও একমাত্র সর্ব দক্ষিণের উপজেলা পর্যটন ও বাণিজ্যসমৃদ্ধ সীমান্ত শহর টেকনাফের সরকারি কলেজে অনার্স কোর্স চালু নেই। এর ফলে উচ্চতর শিক্ষা লাভ করা সম্ভব হচ্ছে না। কক্সবাজার জেলার প্রতিটি উপজেলায় বর্তমানে অনার্স কোর্স পড়ার সুযোগ রয়েছে, একমাত্র টেকনাফ ছাড়া। অবহেলিত এ অঞ্চলে শিক্ষার প্রসারে টেকনাফ সরকারি কলেজ অনন্য ভূমিকা পালন করছে। এটি টেকনাফের সর্ববৃহৎ বিদ্যাপীঠ বলে বিবেচিত। কিন্তু প্রতিষ্ঠার ২২ বছর পরও টেকনাফ সরকারি কলেজে শিক্ষার্থীদের চাহিদা অনুসারে অনার্স কোর্স চালু হয়নি, যে কারণে টেকনাফ উপজেলার শিক্ষার্থীরা উচ্চতর শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে।

উপজেলার একমাত্র সরকারি কলেজে অনার্স কোর্স চালু না থাকায় এখানকার শিক্ষার্থীরা বাংলা, ইংরেজি, অর্থনীতি, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, রসায়নবিদ্যা, পদার্থবিদ্যা ইত্যাদি বিষয়ে উচ্চতর শ্রেণীতে পড়াশোনা করতে পারছে না। উচ্চতর শ্রেণীতে পড়াশোনা করতে আগ্রহী শিক্ষার্থীদের টেকনাফ ছেড়ে সুদূর উখিয়ায় যেতে হচ্ছে। এর ফলে ইচ্ছা থাকা সত্ত্বেও অনেকে আর্থিক সমস্যার কারণে সেখানে গিয়ে অনার্স কোর্সে ভর্তি হতে পারছে না। প্রতিবছর এখানকার শত শত শিক্ষার্থী উচ্চতর শিক্ষার অভাবে বেকার হয়ে পড়ায় বিভিন্ন অপরাধে জড়িয়ে পড়ছে। ভৌগোলিক ও প্রাকৃতিক অবস্থানের কারণে টেকনাফ সরকারি কলেজে অনার্স কোর্স চালু করা এখন সময়ের দাবি।